



এনসিপির মুখপাত্র আসিফ মাহমুদ, নির্বাচনে থাকছেন না



সংগৃহীত ছবি

জাতীয় নাগরিক পার্টিতে (এনসিপি) যোগ দিয়েছেন অন্তর্বর্তী সরকারের সাবেক উপদেষ্টা আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া। দলে যোগদানের পর তাঁকে মুখপাত্র এবং নির্বাচন পরিচালনা কমিটির প্রধান হিসেবে দায়িত্ব দেওয়া হয়েছে। তবে আসন্ন নির্বাচনে তিনি প্রার্থী হবেন না বলে জানিয়েছেন দলের আহ্বায়ক নাহিদ ইসলাম।

সোমবার (২৯ ডিসেম্বর) সন্ধ্যায় রাজধানীতে এনসিপির অস্থায়ী কার্যালয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এসব তথ্য জানান দলের আহ্বায়ক নাহিদ ইসলাম। তিনি বলেন, দলকে সাংগঠনিকভাবে আরও গতিশীল ও কার্যকর করতে এই দায়িত্ব বণ্টন করা হয়েছে। তবে আসিফ মাহমুদ আসন্ন জাতীয় নির্বাচনে প্রার্থী হচ্ছেন না বলেও স্পষ্ট করেন তিনি।

সংবাদ সম্মেলনের শুরুতে বক্তব্য রাখেন দলের মুখ্য সমন্বয়ক নাসীরুদ্দীন পাটওয়ারী। তিনি আসিফ মাহমুদকে দলে স্বাগত জানিয়ে বলেন, নির্বাচন পরিচালনা কমিটির প্রধান হিসেবে এতদিন তিনি যে দায়িত্ব পালন করে আসছিলেন, তা আজ থেকে আনুষ্ঠানিকভাবে হস্তান্তর করা হয়েছে। এখন থেকে এই গুরুত্বপূর্ণ দায়িত্ব সামলাবেন আসিফ মাহমুদ।

দলীয় সূত্র জানায়, আসিফ মাহমুদের অভিজ্ঞতা ও প্রশাসনিক দক্ষতা এনসিপির রাজনৈতিক কর্মকাণ্ডে নতুন মাত্রা যোগ করবে বলে আশা করা হচ্ছে।